

উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি জুলাই/২০২১ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মো: লোকমান হোসেন
উপজেলা ভাইস চেয়ারম্যান
সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের সভা কক্ষ।
সভার তারিখ : ২৫/০৭/২০২১
সভার সময় : সকাল ১১.০০ টা

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর- পরিশিষ্ট "ক"

উপস্থিত সদস্যগণকে স্বাগত ও অভিনন্দন জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয় এবং উপজেলা শিক্ষা অফিসার সভার আলোচ্য বিষয় সম্পর্কে সভাকে অবহিত করেন।

অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জাতীয় শোক দিবস- ২০২১ (অনলাইনে উদযাপন) উদযাপন প্রসঙ্গে।	কোভিড- ১৯ চলাকালীন জাতীয় শোক দিবস- ২০২১ (অনলাইনে উদযাপন) উদযাপন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কোভিড- ১৯ এর প্রাদুর্ভাব প্রতিরোধ কল্পে জাতীয় সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় শোক দিবস- ২০২১ (অনলাইনে উদযাপন) যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে। ১৫ আগস্ট- ২০২১ সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত উত্তোলন করতে হবে। জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে উক্ত দিবসে শিক্ষকগণ সকল শিক্ষার্থীর নিকট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনী তুলে ধরবেন। বঙ্গবন্ধু ও তার পরিবারের শহীদ সদস্যগণের আত্মার মাগফেরাত কামনায় সকল প্রতিষ্ঠানে (অনলাইনে) বিশেষ দোয়া ও মোনাজাত সম্পন্ন করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষার্থীদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার (অনলাইনে) আয়োজন করবেন এবং পুরস্কার প্রদান করবেন।	উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং স্ব- স্ব বিদ্যালয়ের শিক্ষকগণ।

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: লোকমান হোসেন)
উপজেলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি
সংস্কৃতি বিষয়ক কমিটি
ব্রাহ্মণবাড়িয়া সদর